

বুয়েটের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা

অনলাইন ডেক্স



ফাইল ছবি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২৫-২৬

শিক্ষাবর্ষের স্নাতক ভর্তি পরীক্ষা আগামী ১০ জানুয়ারি অনুষ্ঠিত

হবে। এর আগে ১৬ নভেম্বর থেকে শুরু হবে আবেদন, যা চলবে

তিন সপ্তাহ। এরপর পরীক্ষা নেওয়া হবে।

শনিবার (২৫ অক্টোবর) বুয়েটের ভর্তি পরীক্ষা আয়োজক কমিটির

সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

আজ সন্ধিয়া ভর্তি পরীক্ষা আয়োজক কমিটির চেয়ারম্যান

অধ্যাপক ড. আব্দুল জলিল গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত

করেছেন।

অধ্যাপক আব্দুল জলিল বলেন, ‘১৬ নভেম্বর থেকে আমরা

আবেদন নেওয়া শুরু করব। এটা তিন সপ্তাহ বা তার কিছু বেশি

সময় চলতে পারে। আবেদনের সময়সীমা নির্ধারণ করে শিগগিরই

পত্রিকা ও ওয়েবসাইটে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

আবেদন নেওয়ার পর ১০ জানুয়ারি ভর্তি পরীক্ষা নেওয়া হবে।’

এবার বাছাই পরীক্ষা থাকছে না জানিয়ে তিনি বলেন, ‘এবার দুই

ধাপে পরীক্ষা অনুষ্ঠিত হবে না। একটি ধাপেই পরীক্ষা সম্পন্ন হবে।

অর্থাৎ কেবল লিখিত পরীক্ষা হবে।

পরীক্ষার অন্যান্য বিষয় অপরিবর্ত্ত থাকছে।’

এবার ফলাফল নিম্নমুখী। সে ক্ষেত্রে আবেদনের ক্ষেত্রে ন্যূনতম

জিপিএ কমানো হবে কি না, এমন প্রশ্নের জবাবে অধ্যাপক আবুল

জলিল বলেন, ‘ফলাফল খারাপ হয়নি। এবার প্রকৃত রেজাল্ট

হয়েছে। যারা প্রকৃত মেধাবী, তারা জিপিএ ৫ পেয়েছে।

আমাদের আবেদন যোগ্যতায় কোনো পরিবর্তন আসছে না।

এইচএসসিতে জিপিএ ৫ পাওয়া লাগবেই। পদার্থ-রসায়ন এবং

গণিতে পৃথকভাবে জিপিএ ৫ পেতে হবে; যেটি আগেও ছিল।’